বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
Bangladesh College of Physicians & Surgeons
BCPS

বিসিপিএস নং-আরটিএম-৭১২/২০২৬/২৬৯৪২

তারিখঃ ১৩ আগষ্ট ২০২৬ খ্রিঃ

# এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ বিরতি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস) এর রিসার্চ এন্ড ট্রেনিং মনিটরিং ডিপার্টমেন্ট (আরটিএমডি) ফেলোশীপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করে থাকে। এরই ধারাবাহিকতায়, এফসিপিএস ১ম পর্ব উত্তীর্ণ সকল প্রশিক্ষণার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রশিক্ষণ থেকে বিরতি গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

**১. ম্যানুয়াল লগবুক ব্যবহারকারী প্রশিক্ষণার্থীদের জন্য-**

- ✓ ই-লগবুক বর্হিভূত সকল প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ থেকে বিরতি গ্রহণের পূর্বে নিজ নিজ প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ বরাবর লিখিত আবেদন করতে হবে।
- ✓ উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রাপ্ত অফিস আদেশের কপি বিসিপিএস-এর তথ্য হালনাগাদ বিজ্ঞপ্তি অনুযায়ী আপলোড করতে হবে।

**২. ই-লগবুক ব্যবহারকারী প্রশিক্ষণার্থীদের জন্য-**

যে সকল প্রশিক্ষণার্থী ই-লগবুকের মাধ্যমে লগ এন্ট্রি কার্যক্রম পরিচালনা করছেন, তাঁদেরকে ই-লগবুক এর মাধ্যমে বিরতির জন্য আবেদন করতে হবে।

- ✓ ই-লগবুক এর সকল প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ থেকে বিরতি গ্রহণের পূর্বে নিজ নিজ প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ বরাবর লিখিত আবেদন করতে হবে।
- ✓ ৬ মাসের স্লট সম্পন্ন হওয়ার পর বিরতি নিতে চাইলে ই-লগবুকের নিজস্ব প্রোফাইলের **Leave Record** অপশনে গিয়ে প্রয়োজনীয় তথ্য প্রদান করে **Training Discontinue from Next Slot** অপশন সিলেক্ট করে আবেদনের প্রেক্ষিতে প্রাপ্ত বিরতির অফিস আদেশের কপি আপলোড করে সাবমিট করতে হবে। যা ই-লগবুকে সুপারভাইজারের অনুমোদন সাপেক্ষে বিরতি কার্যকর হবে।
- ✓ চলমান অনুমোদিত স্লট চলাকালীন বিরতি নিতে চাইলে ই-লগবুকের নিজস্ব প্রোফাইলের **Leave Record** অপশনে গিয়ে প্রয়োজনীয় তথ্য প্রদান করে **Discontinue From Current Slot** অপশন সিলেক্ট করে আবেদনের প্রেক্ষিতে প্রাপ্ত বিরতির অফিস আদেশের কপি আপলোড করে সাবমিট করতে হবে। যা ই-লগবুকে সুপারভাইজারের অনুমোদন সাপেক্ষে বিরতি কার্যকর হবে।

**৩. বিরতির পর পুনরায় প্রশিক্ষণে যোগদান-**

- ✓ ম্যানুয়াল লগবুক ব্যবহারকারী প্রশিক্ষণার্থীগণ ন্যূনতম ৬ মাস বিরতির পর পুনরায় প্রশিক্ষণে যোগদান করলে তাঁদেরকে বিসিপিএস-এর তথ্য হালনাগাদ বিজ্ঞপ্তি অনুযায়ী তথ্য হালনাগাদ করতে হবে।
- ✓ ই-লগবুক ব্যবহারকারী প্রশিক্ষণার্থীদের বিরতির পর পুনরায় প্রশিক্ষণে যোগদানের জন্য ই-লগবুকে নির্ধারিত সময়ের মধ্যে স্লটের আবেদন করতে হবে।

**সকল প্রশিক্ষণার্থীকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।**

(অধ্যাপক মোঃ আবুল কালাম আজাদ)
অনারারি পরিচালক (আরটিএম)
আরটিএমডি, বিসিপিএস।

(অধ্যাপক ফিরোজ কাদের)
সচিব, বিসিপিএস।

67, Shaheed Tajuddin Ahmed Sarani, Mohakhali, Dhaka-1212, Bangladesh.
Tel: 02 222284194, 02 222291865, 02 222284616 EXT.- 0/100, Fax: 02-222288928, E-mail: bcps@bcps.edu.bd, Website: www.bcps.edu.bd